



আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ফাউন্ডেশন এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাসন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।

 /radiomeghna99.0  radiomeghna.net

রেডিও মেঘনার সংবাদ প্রচারের পর গুচ্ছগ্রামের ৫০টি পরিবারকে টিউবওয়েল প্রদানের আশ্বাস দিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন প্রকৌশলী

যোগাযোগ:

উম্মে নিশি,
সহকারি স্টেশন ম্যানেজার
রেডিও মেঘনা, কুলসুমবাগ,
চরফ্যাসন, ভোলা।

ফোন: ০১৭০৮ ১২০৩৯০,
ই-মেইল:

manager@radiomeghna.net

‘আশ্রয়ণের অধিকার শেখ হাসিনার উপহার’ এই শোগানে মুজিব শতবর্ষ উপলক্ষে সারাদেশে বাস্তবায়িত হচ্ছে আশ্রয়ণ প্রকল্প। তারই ধারাবাহিকতায় চরফ্যাসন উপজেলার ঘোষেরহাট নীলকমল এলাকার ৫০টি



গৃহীন পরিবারকে দেওয়া হয়েছে আশ্রয়ণের ঘর। এটি পাওয়ার আগে নানান সমস্যার কথা বললেও প্রধানমন্ত্রীর উপহার পেয়ে খুশি বেগম, কহেনুর, নুররতাজ ও সিমাসহ আরো অনেকে। তবে আশ্রয়ণের ঘর পেলেও এখনো নানান সমস্যার কথা বলেন তারা। বিদ্যুৎ ব্যবস্থা, পাকা রাস্তা ও সুপেয় পানির অভাবসহ এই ঘর পাওয়ার পর সরকারি অন্য কোনো সুবিধা বা ভাতা পাননা বলে জানান, রীনা বেগম, নুর নাহার ও আবুল কালাম। এ বিষয়ে নীলকমল ইউনিয়নের চেয়ারম্যান আলমগীর হোসেন হাওলাদার বলেন, যখন যে সুবিধা আসে তা দেওয়ার চেষ্টা করেন। ভবিষ্যতে তারা আরো বিভিন্ন সুবিধার আওতায় আসবে বলে জানান তিনি। এ নিয়ে সংবাদ প্রচারের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন প্রকৌশলীর সাক্ষাৎকারকালে এসব সমস্যার কথা তুলে ধরা হলে, তা সমাধানের আশ্বাস প্রদান করেন। তিনি বলেন, এ নিয়ে এখনো কার্যক্রম চলমান আছে, সেখানে টিউবওয়েল ও রাস্তার কাজের জন্য প্রস্তাবনা করা করা হয়েছে। খুব শিঘ্রই তা বাস্তবায়ন করা বলে জানান এই কর্মকর্তা। এখানে উল্লেখ্য যে, চরফ্যাসনে আশ্রয়ণ প্রকল্পের আওয়াত প্রথম পর্যায়ে ৩০ ও দ্বিতীয় পর্যায়ে মোট ৬০টি ঘরের কাজ সম্পন্ন হয়েছে। এরমধ্যে নীলকমল ইউনিয়নের মুন্সিরহাট এলাকার দুটি স্থানে ১৮ ও ৩২ টি মিলে ৫০টি এবং অন্যত্র ১০ ঘর দেওয়া হয়েছে গৃহীনদের মাঝে।

শ্রোতাদের অনুরোধে প্রচারিত হলো কোরবানীর পশু মোটাতাজাকরণ বিষয়ক আলোচনা অনুষ্ঠান ‘যত্নে মিলুক সফলতা’



গবাদি পশু এবং হাঁস-মুরগি যত্ন ও করণীয় বিষয়ক রেডিও মেঘনার সাক্ষাৎকারমূলক সরাসরি আলোচনা অনুষ্ঠান ‘যত্নে মিলুক সফলতা’। ধারাবাহিক এ অনুষ্ঠানের চতুর্থ পর্ব প্রচারিত হয় ১০ জুন, ২০২১ তারিখ সন্ধ্যা ৬টায়। কোরবানীর ঈদ উপলক্ষে এবারের আয়োজনে আলোচনার বিষয় ছিলো গরু-ছাগল মোটা-তাজাকরণ। তবে অনুষ্ঠানের এ বিষয়টি নির্ধারণ করা হয় শ্রোতাদের ফোন কলের মাধ্যমে। এই অনুষ্ঠানের আগের পর্বে শ্রোতারা অনুরোধ করেন কোরমানীর পশু মোটা-তাজা করার নিয়ম আলোচনা জন্য। সঠিক নিয়মে স্বাস্থ্যসম্মতভাবে কিভাবে পশু মোটাতাজাকরণ করা যায় এ বিষয়ে আলোচনার জন্য সরাসরি আমাদের স্টুডিওতে উপস্থিত ছিলেন, উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের উপসহকারী কর্মকর্তা মো. আলমগীর হোসেন। অনুষ্ঠান চলাকালিন সময়ে শ্রোতারা গবাদি পশু মোটাতাজাকরণসহ পশুর ওলান প্রদাহ রোগে আক্রান্ত হলে করণীয়, চিকিৎসা ও পরামর্শ কী এবং অন্যান্য আরো বিষয়ে জানার জন্য প্রায় অর্ধশতকেরও বেশি শ্রোতা ফোন কল করেন।

রেডিও অনুষ্ঠান ‘সুরক্ষা’ শুনে পরিবার পরিকল্পনা পদ্ধতি নিয়েছেন বেতুয়ার লিপু বেগম

চরফ্যাসন বেতুয়া এলাকার লিপু বেগম (৩০) আগে থেকেই নিয়মিত রেডিও মেঘনা শুনতেন। দুই সন্তানের জননী তিনি। তিনি জানান, আর সন্তান নেওয়ার কোনো পরিকল্পনা ছিলো না তাই কি করবেন না করবেন ভেবে পাচ্ছিলেন না। এরই মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি বিষয়ক অনুষ্ঠান ‘সুরক্ষা’ শুন্য পর তিনি সিদ্ধান্ত নেন পরিবার পরিকল্পনার স্থায়ী পদ্ধতি গ্রহণের। এ বিষয়ে না জানার কারণে প্রথমে প্রতিবেশি ভাবিদের সাথে পরামর্শ করলে তারা এতে না সম্মতি দেন। তাই শুধুমাত্র রেডিও অনুষ্ঠান শুনে এ থেকে বিশ্বাস রেখেই পরিবার পরিকল্পনার স্থায়ী পদ্ধতি ‘টিউবেকটিম’ গ্রহণ করে বলে আমাদের জানান। শুধু তাই নয়, তিনি আরো জানান, বর্ষার মৌসুমে শিশুদের নানান সমস্যা হয়। এ বিষয়ে রেডিওতে শিশুদের যত্ন, খাবার-পুষ্টি সম্পর্কিত তথ্য জেনে তার দুই শিশুর যত্ন নিয়েছেন। রেডিও শুনে যেমন ভালো লাগে, তেমনি উপকারও হয়। তাই রেডিও মেঘনাকে ধন্যবাদ জানিয়ে এমন অনুভূতির কথা ব্যক্ত করেন লিপু বেগম

